



আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

Website: www.bb.org.bd

ডিএফআইএম সার্কুলার লেটার নং-০৮

২৪ জ্যৈষ্ঠ ১৪২৯

তারিখঃ-----

৭ জুন ২০২২

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

ঋণ/লীজ/বিনিয়োগ অবলোপন (write off) নীতিমালা।

উপর্যুক্ত বিষয়ে ডিএফআইএম সার্কুলার নং-০২, তারিখঃ ০১ এপ্রিল ২০১৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।
বর্ণিত বিষয়ে এক্ষণে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে-

- ১। বিতরণকৃত ঋণের সদ্যবহার না করে fund diversion করা কিংবা জাল-জালিয়াতি বা প্রতারণার মাধ্যমে সৃষ্ট বা অস্তিত্ববিহীন প্রতিষ্ঠানের নামে সৃষ্ট ঋণের ক্ষেত্রে আর্থিক প্রতিষ্ঠানসমূহ যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে;
- ২। গৃহীত আইনানুগ ব্যবস্থা নিষ্পত্তির পূর্বে সংশ্লিষ্ট ঋণ/লীজ/বিনিয়োগের প্রাপ্য অর্থ ডিএফআইএম সার্কুলার নং-০২/২০১৯ এর আওতায় অবলোপন করা যাবে না; এবং
- ৩। ডিএফআইএম সার্কুলার নং-০২/২০১৯ এর অন্যান্য সকল নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জুলকার নায়েন)
পরিচালক (ডিএফআইএম)
ফোনঃ ৯৫৩০১৭৮